# উপজেলা পরিষদ কার্যালয়
# জলঢাকা, নীলফামারী

## আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী।
স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ
তারিখ ঃ ১৪-০১-২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.৪৫ টা।

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-

| ক্রমিক নং | নাম ও পদবী | উপাধী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, খুটামারা ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | উপজেলা কৃষি অফিসার, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, জলঢাকা থানা, জলঢাকা, নীলফামারী | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

**আলোচ্য সুচিঃ**

১. উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা
২. অন্যান্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিবগণ শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা | অফিসার-ইনচার্জ, সভায় জানান যে, সভায় জানান যে, গত মাসের তুলনায় এ মাসে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক ছিল। তিনি আরো বলেন যে, বর্তমানে দেশে ধর্ষণ প্রতিবাদ জোরদার করা হয়েছে। এত করে অনেক বড় দুর্ঘটনা হতে পারে। অপরাধ প্রবনতা সামাজিকভাবে প্রতিরোধের জন্য সকলের সহযোগীতা কামনা করেন। উপস্থিত সদস্যবৃন্দ জলঢাকা উপজেলার আইন-শৃখলা পরিস্থিতি সন্তোষজনক বলে মন্তব্য করেন। সভাপতি বলেন যে, ধর্ষণ ও বাল্যবিবাহ রোধ বিভিন্ন ধরণের অপরাধ অভিভাবক, স্কুল/কলেজের শিক্ষক/শিক্ষার্থীরে নিয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সভার আয়োজন করতে হবে এবং বাল্যবিবাহ/চোরাচালান প্রতিরোধ কমিটির সভা ইউনিয়ন পর্যায়ে করতে হবে। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ/ চোরাচালান প্রতিরোধ কমিটির সদস্য ও উপস্থিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | অফিসার-ইনচার্জ, জলঢাকা, নীলফামারী |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০২। | বিবিধ | সভাপতি বলেন যে, আইনের মাধ্যমে সকল অপরাধীর শাস্তির ব্যবস্থা করতে হবে। বর্তমানে করোনাভাইরাস মারাত্নক ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি করতে পারে। তাই ভাইরাস থেকে রক্ষার জন্য সবাইকে সচেতন থাকার পরামর্শ প্রদান করেন। | সামাজিক সচেতনতা সৃষ্টি করতে হবে। | সকল সদস্য |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জায়িদ ইমরুল মোজাক্কিন)
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,
জলঢাকা, নীলফামারী
ও
সভাপতি
আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি
জলঢাকা, নীলফামারী